



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
সেক্রেটারীজ ডিভিশন

শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীদের জন্য নোটিশ

[অবন্টিত/অ-দাবীকৃত নগদ লভ্যাংশ বিএসইসির ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ১৪ জানুয়ারি ২০২১ তারিখের নির্দেশনা নং বিএসইসি/সিএমআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড) বিধি, ২০২১, অনুসারে নগদ লভ্যাংশের অর্থ যদি লভ্যাংশ ঘোষণা/অনুমোদনের দিন/রেকর্ড ডেট এর তারিখ থেকে ৩(তিন) বছরের অধিক সময় অবন্টিত/অ-দাবীকৃত থাকে, তাহলে সেই অর্থ বিএসইসির ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর করতে হবে।

সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণকে ২৭ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে তাঁদের প্রাপ্য অবন্টিত/অ-দাবীকৃত নগদ লভ্যাংশ গ্রহণ করার জন্য উপযুক্ত প্রমাণসহ আইসিবি সেক্রেটারীজ ডিপার্টমেন্টের ই-মেইল agm_secretary@icb.gov.bd ঠিকানায় আবেদন করতে হবে।

সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণকে জানানো যাচ্ছে যে, যদি কর্পোরেশন ২৭ আগস্ট ২০২১ এর মধ্যে কোনও বৈধ দাবি না পায়, তাহলে বিএসইসির নির্দেশনা ও বিধি অনুসারে, শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীদের অবন্টিত/অ-দাবীকৃত নগদ লভ্যাংশ বিএসইসির ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে ২৯ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে স্থানান্তর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

এতদসংশ্লিষ্ট যেকোনো প্রয়োজনে শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণ +৮৮০১৭৯৯-৯৯৭১০৪ নম্বরে যোগাযোগ করতে পারেন অথবা আইসিবি সেক্রেটারীজ ডিপার্টমেন্টের ই-মেইল agm_secretary@icb.gov.bd ঠিকানায় ই-মেইল করতে পারেন।

তারিখ: ঢাকা, ০৩ আগস্ট, ২০২১।

(মোঃ রফিক উল্যা)

বোর্ড সচিব

ফোন নং-৯৫৭৩৩১৯